



---

## ভর্তি

# সাত কলেজের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে কলেজ ও বিষয় পছন্দক্রম শুরু

নিজস্ব প্রতিবেদক ঢাকা

---

ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাত কলেজের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের কলা ও সামাজিক বিজ্ঞান এবং বাণিজ্য ইউনিটের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ভর্তি-ইচ্ছুকদের কলেজ ও বিষয় পছন্দক্রম শুরু হয়েছে। আজ বুধবার থেকে ভর্তি-ইচ্ছুক উত্তীর্ণ সব প্রার্থী সংশ্লিষ্ট ভর্তিবিষয়ক ওয়েবসাইটের মাধ্যমে বিষয় পছন্দক্রম দিতে পারবেন। এ প্রক্রিয়া চলবে আগামী ২৩ জুন পর্যন্ত। নির্ধারিত সময়ের মধ্যে বিষয় পছন্দক্রম ফরম পূরণ না করলে কোনো প্রার্থীকে বিষয় মনোনয়ন দেওয়া হবে না।

## কলেজ ও বিষয় পছন্দক্রম যেভাবে

ভর্তিসংশ্লিষ্ট [ওয়েবসাইটে](#) গিয়ে প্রার্থীর ভর্তির প্রাথমিক আবেদনের বিস্তারিত ফরম ও শিক্ষার্থীর ভর্তিযোগ্য বিষয়সমূহের পছন্দক্রম ফরম অনলাইনের মাধ্যমে পূরণ করতে হবে। পছন্দক্রম ফরম পরে কোনো অবস্থাতেই আর পরিবর্তন করা যাবে না। পূরণকৃত ফরম প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের আবেদনযোগ্য বিষয়সমূহ হলো বাংলা, ইংরেজি, আরবি, ইতিহাস, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামিক স্টাডিজ, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, ভূগোল ও পরিবেশ, পরিসংখ্যান, গণিত, গার্হস্থ্য অর্থনীতি, ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, মার্কেটিং ও ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং।

বাণিজ্য ইউনিটের একজন শিক্ষার্থী নিজ বিভাগের ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, মার্কেটিং, ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং এবং যোগ্যতা থাকার দরুন বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে বাংলা, ইংরেজি, ইতিহাস, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামিক স্টাডিজ, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, আরবি, ভূগোল ও পরিবেশ, মনোবিজ্ঞান, পরিসংখ্যান ও গার্হস্থ্য অর্থনীতিতে আবেদন করতে পারবেন।

বিজ্ঞান ইউনিটের একজন শিক্ষার্থী নিজ বিভাগের পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিদ্যা, ভূগোল ও পরিবেশ, মনোবিজ্ঞান, পরিসংখ্যান, গার্হস্থ্য অর্থনীতি, মৃত্তিকাবিজ্ঞান এবং যোগ্যতা থাকার দরুন বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে কলা ও সামাজিক বিজ্ঞান ও ব্যবসায় ইউনিটের সাবজেক্টগুলোতে আবেদন করতে পারবেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত রাজধানীর কলেজগুলো হলো ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, মিরপুর সরকারি বাঙলা কলেজ ও সরকারি তিতুমীর কলেজ।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



By using this site, you agree to our Privacy Policy.



---

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.